| উন্নত জাতের রাবার চাষ,<br>চাষীর আনন্দ ১২ মাস |
|---|

BRGOA

**বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন**

প্রধান কার্যালয়
রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,
কাজীর দেউরী, চট্টগ্রাম
www.brgoa.com

| রাবার গাছের বিশেষ গুণ,<br>কার্বন শোষণ করে দ্বিগুণ |
|---|

স্মারক নং: বিআরজিওএ.নো.২০২৬-০১৫ তারিখ: ২৫ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**" রাবার/হর্টিকালচার প্লট নবায়ন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি"**

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশনের সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৩/০৮/২০২৬ খ্রিঃ (রবিবার) দুপুর ১২:৩০ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত 'রাবার/হর্টিকালচার প্লট ইজারা প্রদান, হস্তান্তর ও নবায়ন সংক্রান্ত মতবিনিময় সভা'র সিদ্ধান্ত অনুযায়ী- বিগত সময়ে রাবার প্লট নবায়নের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরিত পূর্বের সকল আবেদন বাতিল করার প্রস্তাব করা হয়েছে।

বর্তমান সিদ্ধান্ত মোতাবেক, জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত নতুন নির্দিষ্ট ফরম পূরণ করে পুনরায় আবেদন করতে হবে। আগামী সেপ্টেম্বর-২০২৬ মাসের প্রথম সপ্তাহে এই নবায়ন কার্যক্রম শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে।

উক্ত নবায়ন প্রক্রিয়াটি সহজ, সুশৃঙ্খল ও দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে আমাদের এসোসিয়েশনের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায়, নিজ নিজ রাবার বাগানের প্রয়োজনীয় সকল তথ্য ও কাগজপত্রসহ অবিলম্বে এসোসিয়েশনের প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন, এসোসিয়েশনের বকেয়া ফি পরিশোধ পূর্বক সদস্য হালনাগাদ ও নির্দিষ্ট সময়ের মধ্যে এসোসিয়েশনে নাম তালিকাভুক্তি সম্পন্ন করুন ।

আসন্ন প্লট নবায়ন কার্যক্রম নির্বিঘ্ন ও সহজীকরণে সকল বাগান মালিকের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

**নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র সাথে আনার জন্য অনুরোধ করা গেল:**

১। জেলা প্রশাসক বরাবর প্লট নবায়ন আবেদনের ফটোকপি।
২। প্লট চুক্তিনামার ফটোকপি
(বন্দোবস্তিমূলে/ওয়ারিশমূলে(ওয়ারিশ সনদসহ)/এফিডেভিট অথবা নোটারীমূলে হস্তান্তরের দলিলসহ)
৩। হালানাগাদ জবানবন্দির ফটোকপি
৪। সেলামীর টাকা পরিশোধের কাগজপত্রের ফটোকপি।
৪। খাজনা/ভ্যাট পরিশোধের প্রয়োজনীয় কাগজপত্র।
৬। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি
৭। পাসপোর্ট সাইজের ছবি ০৪ কপি।

**(বি.দ্রঃ বাংলাদেশ রাবার বোর্ড এর অনাপত্তিপত্র ও বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন এর প্রত্যয়নপত্র ব্যতীত প্লট নবায়ন সম্পন্ন হইবে না।)**

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে

**(মইনুল ইসলাম)**
মহাসচিব

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।**

১। সভাপতি, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন।;
২। সম্মানিত উপদেষ্টা, আজীবন ও সাধারণ সদস্যবৃন্দ, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন।;
৩। অফিস কপি।

**(জাহেদ হোসেন)**
সচিব
মোবাইল: ০১৬১১-৭৪৮৮৩৪
ইমেইল: brgoa.bd@gmail.com